গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৭(খন্ড-১).১১২

তারিখ: ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২২ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: দেশের বিভিন্ন জেলার সদ্য জাতীয়করণকৃত স্কুল এবং কলেজের শিক্ষক/কর্মচারীদের আচরণ, শৃঙ্খলা ও এমপিও সম্পর্কিত ইত:পূর্বে গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী কলেজ পর্যায়ে ৩৬৭টি এবং মাধ্যমিক বিদ্যালয়ে ৩৫৫টি সর্বমোট (৩৬৭+৩৫৫)=৭২২টি শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণ করা হয়। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের কারণে শৃঙ্খলা, এমপিও স্থগিত/বাতিল সম্পর্কিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং কিছু শিক্ষক কর্মচারীর বিরুদ্ধে মামলা চলমান থাকতে পারে। মন্ত্রণালয়ে এ সকল তথ্য যথাসময়ে প্রেরণ না করায় তাদের আত্তীকরণে জটিলতার সৃষ্টি হচ্ছে।

২.০ এমতাবস্থায়, জাতীয়করণকৃত ৭২২টি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত যে সকল শিক্ষক/কর্মচারীর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের কারণে শৃঙ্খলা, এমপিও স্থগিত/বাতিল সম্পর্কিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং মামলা চলমান রয়েছে সে সকল শিক্ষক/কর্মচারীর প্রতিষ্ঠান ভিত্তিক বিস্তারিত তথ্য এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

( মো: মিজানুর রহমান )
উপসচিব
ফোন: ৫৫১০০৫১৭
ই-মেইল : nongovt.secondary.sec3@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. অফিস কপি।